# সহকারী উপজেলা/থানা ইলেকশন অফিসার্স এসোসিয়েশন

নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নম্বর: ০২ তারিখ: ২৬অক্টোবর ২০২৫

**বিষয়: সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসারগণের সমন্বয়ে পূর্ণাঙ্গ কেন্দ্রীয় কমিটি গঠন।**

সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসারগণের সমন্বয়ে একটি কমিটি গঠনের লক্ষ্যে ১৬ অক্টোবর ২০২৫ বিকেল ৫.৪৫টায় নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবনে (কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক) উপজেলা/থানা/সমমান ইলেকশন অফিসার্স এসোসিয়েশন এর আহ্বায়ক জনাব মোহাম্মদ আশফাকুর রহমানের সভাপতিত্বে একটি জরুরি সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় সর্বসম্মতিক্রমে **জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর-কে সভাপতি এবং জনাব শরীফ আল রায়হান, সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর-কে মহাসচিব** ঘোষণাপূর্বক নিম্নোক্ত ৫১ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কেন্দ্রীয় কমিটি গঠন করা হয় (সভার কার্যবিবরণী সংযুক্ত)।

## সহকারী উপজেলা/থানা ইলেকশন অফিসার্স এসোসিয়েশন এর পূর্ণাঙ্গ কমিটি

| ক্রমিক | নাম ও পদবি | কমিটিতে পদবি |
|---|---|---|
| ১. | **মোঃ জাহাঙ্গীর আলম<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, গাজীপুর সদর, গাজীপুর** | **সভাপতি** |
| ২. | দ্বীন মোহাম্মদ রাসেল<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, দোহার, ঢাকা | সিনিয়র সহ-সভাপতি |
| ৩. | মোঃ আতাউর রহমান<br>সহকারী থানা নির্বাচন কর্মকর্তা, সবুজবাগ, ঢাকা | সহ-সভাপতি |
| ৪. | মোঃ জুয়েল<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, লৌহজং, মুন্সীগঞ্জ | সহ-সভাপতি |
| ৫. | আবদুল হামিদ<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, থানচি, বান্দরবান | সহ-সভাপতি |
| ৬. | ফাহমিদা ফাইজা<br>সহকারী থানা নির্বাচন কর্মকর্তা, রমনা, ঢাকা | সহ-সভাপতি |
| ৭. | মোঃ শওকত হোসেন<br>সহকারী থানা নির্বাচন কর্মকর্তা, ডেমরা, ঢাকা | সহ-সভাপতি |
| ৮. | **শরীফ আল রায়হান<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর** | **মহাসচিব** |
| ৯. | মোঃ প্রিন্স মাহমুদ<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, বেলকুচি, সিরাজগঞ্জ | সিনিয়র যুগ্ম-মহাসচিব |
| ১০. | মো: মনিরুজ্জামান<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর | যুগ্ম-মহাসচিব |
| ১১. | মোঃ সজিবুর রহমান<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, রাজবাড়ী সদর, রাজবাড়ী | যুগ্ম-মহাসচিব |
| ১২. | মাঈনুল হাসান<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, গৌরনদী, বরিশাল | যুগ্ম-মহাসচিব |
| ১৩. | সাফকাত খান<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, সখিপুর, টাঙ্গাইল | যুগ্ম-মহাসচিব |
| ১৪. | মো: আনোয়ারুল ইসলাম<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | যুগ্ম-মহাসচিব |
| ১৫. | জগন্নাথ সাহা<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, ফুলবাড়িয়া, ময়মনসিংহ | কোষাধ্যক্ষ |
| ১৬. | পলাশ চন্দ্র পাল<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, পানছড়ি, খাগড়াছড়ি | সহ কোষাধ্যক্ষ |
| ১৭. | অন্ত কাপুর বিপুল<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, মদন, নেত্রকোনা | সাংগঠনিক সম্পাদক |

| ক্রমিক | নাম ও পদবি | কমিটিতে পদবি |
|---|---|---|
| ১৮. | ছাবিহা আক্তার<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, কেন্দুয়া, নেত্রকোনা | সহ-সাংগঠনিক সম্পাদক |
| ১৯. | মোহাম্মাদ আবুল খায়ের<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, দোয়ারাবাজার, সুনামগঞ্জ | সহ-সাংগঠনিক সম্পাদক |
| ২০. | নজরুল ইসলাম<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, সন্দ্বীপ, চট্টগ্রাম | সহ-সাংগঠনিক সম্পাদক |
| ২১. | মোঃ মিজানুর রহমান<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | সহ-সাংগঠনিক সম্পাদক |
| ২২. | শাহরিয়ার আলম<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, মোংলা, বাগেরহাট | সহ-সাংগঠনিক সম্পাদক |
| ২৩. | সোহাগ মিয়া<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, অষ্টগ্রাম, কিশোরগঞ্জ | দপ্তর সম্পাদক |
| ২৪. | মো: ওমর শরীফ<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, সোনারগাঁও, নারায়ণগঞ্জ | সহ দপ্তর সম্পাদক |
| ২৫. | জাবের আহম্মদ<br>কুমিল্লা আদর্শ সদর, কুমিল্লা | প্রচার ও প্রকাশনা সম্পাদক |
| ২৬. | ফারজানা আহমেদ<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী | সহ প্রচার ও প্রকাশনা সম্পাদক |
| ২৭. | মোঃ আশরাফ হোসেন<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, ইসলামপুর, জামালপুর | আইন বিষয়ক সম্পাদক |
| ২৮. | আরিফুর রহমান<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী | সহ আইন বিষয়ক সম্পাদক |
| ২৯. | মোঃ শফিকুল ইসলাম<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা | আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক |
| ৩০. | মোঃ মজিদুল ইসলাম<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, গংগাচড়া, রংপুর | সহ আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক |
| ৩১. | মোঃ সুমন ভুঁইয়া<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া | তথ্যপ্রযুক্তি ও গবেষণা বিষয়ক সম্পাদক |
| ৩২. | নিত্যানন্দ কুমার পাল<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, জয়পুরহাট সদর, জয়পুরহাট | সহ তথ্যপ্রযুক্তি ও গবেষণা বিষয়ক সম্পাদক |
| ৩৩. | সাবরিনা সুলতানা<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, নাগরপুর, টাঙ্গাইল | শিক্ষা, সংস্কৃতি ও কল্যাণ বিষয়ক সম্পাদক |
| ৩৪. | মোঃ মঈনুদ্দীন মিয়া<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, শালিখা, মাগুরা | সহ শিক্ষা, সংস্কৃতি ও কল্যাণ বিষয়ক সম্পাদক |
| ৩৫. | মোঃ আমিরুল ইসলাম<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, ধর্মপাশা, সুনামগঞ্জ | ক্রীড়া সম্পাদক |
| ৩৬. | মোঃ সুমন মিয়া<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, ঘাটাইল, টাঙ্গাইল | সহ ক্রীড়া সম্পাদক |
| ৩৭. | মোঃ নাজমুল হুদা<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, ভুরুংগামারী, কুড়িগ্রাম | কার্যনির্বাহী সদস্য |
| ৩৮. | রাজিয়া ফেরদৌস<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, মুক্তাগাছা, ময়মনসিংহ | কার্যনির্বাহী সদস্য |
| ৩৯. | মোঃ নাহিদ শাহরিয়ার<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, আলীকদম, বান্দরবান | কার্যনির্বাহী সদস্য |
| ৪০. | মোছা: শীলা শারমিন রীনা<br>সহকারী থানা নির্বাচন কর্মকর্তা, পল্লবী, ঢাকা | কার্যনির্বাহী সদস্য |
| ৪১. | মাহফুজুর রহমান<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, লাখাই, হবিগঞ্জ | কার্যনির্বাহী সদস্য |
| ৪২. | মোছাঃ রেজিনা আকতার<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, বন্দর, নারায়ণগঞ্জ | কার্যনির্বাহী সদস্য |

| ক্রমিক | নাম ও পদবি | কমিটিতে পদবি |
| --- | --- | --- |
| ৪৩. | মোঃ নাজিম উদ্দিন<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, মুলাদী, বরিশাল | কার্যনির্বাহী সদস্য |
| ৪৪. | মোঃ আলী আকবর সরকার<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, নালিতাবাড়ী, শেরপুর | কার্যনির্বাহীসদস্য |
| ৪৫. | মোহাম্মদ জাহিদ আলম<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ | কার্যনির্বাহী সদস্য |
| ৪৬. | জাফরিন আরা ঋতু<br>সহকারী থানা নির্বাচন কর্মকর্তা, মিরপুর, ঢাকা | কার্যনির্বাহী সদস্য |
| ৪৭. | সাবরিনা মমতাজ<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, দেলদুয়ার, টাঙ্গাইল | কার্যনির্বাহী সদস্য |
| ৪৮. | মুমতাহেনা<br>সহকারী থানা নির্বাচন কর্মকর্তা, দৌলতপুর, খুলনা | কার্যনির্বাহী সদস্য |
| ৪৯. | নাসরিন<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, আগৈলঝাড়া, বরিশাল | কার্যনির্বাহী সদস্য |
| ৫০. | বি. এম আব্দুল মান্নান তুহিন<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, শ্রীপুর, গাজীপুর | কার্যনির্বাহী সদস্য |
| ৫১. | রবিউল আওয়াল<br>সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, পোরশা, নওগাঁ | কার্যনির্বাহী সদস্য |

সভাপতি উল্লিখিত কমিটিকে নিয়ে দ্রুততম সময়ে সভার আয়োজন করবেন এবং উক্ত সভায় গঠনতন্ত্র, আঞ্চলিক কমিটি গঠন এবং সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তাদের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা ও সেগুলো বাস্তবায়নের বিষয়ে করণীয় নির্ধারিত হবে।

Raihan ২৬/১০/২০২৫

(শরীফ আল রায়হান)
মহাসচিব
সহকারী উপজেলা/থানা ইলেকশন
অফিসার্স এসোসিয়েশন
নির্বাচন কমিশন সচিবালয়

২৬/১০/২৫

(মোঃ জাহাঙ্গীর আলম)
সভাপতি
সহকারী উপজেলা/থানা ইলেকশন
অফিসার্স এসোসিয়েশন
নির্বাচন কমিশন সচিবালয়

**<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>**

০১। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
০২। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা;
০৩। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
০৪। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
০৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
০৬। উপসচিব/পরিচালক (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
০৭। আহ্বায়ক, বাংলাদেশ ইলেকশন কমিশন অফিসার্স এসোসিয়েশন;
০৮। সিনিয়র জেলা/জেলা নির্বাচন কর্মকর্তা (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
০৯। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
১০। মাননীয় নিবাচন কমিশনার মহোদয়গনের একান্ত সচিব, (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য);
১১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১২। আহ্বায়ক, উপজেলা/থানা ইলেকশন অফিসার্স এসোসিয়েশন।
১৩। উপজেলা/থানা নির্বাচন অফিসার/সহকারী সচিব/সহকারী পরিচালক (সকল);
১৪। উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা (সকল)
১৫। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব; নির্বাচন কমিশন সচিবালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৬। সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসার/প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল)
১৭। অফিস কপি।

Raihan ২৬/১০/২০২৫

(শরীফ আল রায়হান)
মহাসচিব
সহকারী উপজেলা/থানা ইলেকশন
অফিসার্স এসোসিয়েশন
নির্বাচন কমিশন সচিবালয়

# সহকারী উপজেলা/থানা ইলেকশন অফিসার্স এসোসিয়েশন

নির্বাচন কমিশন সচিবালয়

স্মারক নম্বর: ০১ তারিখ: ১৬ অক্টোবর ২০২৫

## সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসারগণের সমন্বিত কমিটি গঠন সংক্রান্ত সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোহাম্মদ আশফাকুর রহমান<br>আহ্বায়ক<br>উপজেলা/থানা ইলেকশন অফিসার্স এসোসিয়েশন। |
| সভার তারিখ ও সময় | : ১৬ অক্টোবর ২০২৫ |
| সময় | : বিকাল: ০৫:৪৫ ঘটিকা |
| সভার স্থান | : নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট, ভবন, আগারগাঁও, ঢাকা। |

**কমিটি গঠনে অনুমতি/সম্মতি জ্ঞাপনকারীদের স্বাক্ষর পরিশিষ্ট-ক।**

সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসারগণের সমন্বয়ে একটি কমিটি গঠনের লক্ষ্যে ১৬ অক্টোবর ২০২৫ বিকেল ৫.৪৫টায় নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট ভবনে (কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক) উপজেলা/থানা/সমমান ইলেকশন অফিসার্স এসোসিয়েশন এর আহ্বায়ক জনাব মোহাম্মদ আশফাকুর রহমানের সভাপতিত্বে একটি জরুরি সভা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানের সকল শহীদদেরকে শ্রদ্ধার সাথে স্মরণ করে তাঁদের রূহের মাগফেরাত এবং আহতদের দ্রুত সুস্থতা কামনা করা হয়। এরপর “নির্বাচন কমিশন সার্ভিস” গঠনে সরকারি সিদ্ধান্তকে আন্তরিকভাবে সমর্থন এবং দ্রুত বাস্তবায়নের জোর দাবি জানানো হয়; যাতে নির্বাচন কমিশন সচিবালয়ে কর্মরত সকলের পেশাগত মর্যাদা ও প্রশাসনিক স্বাতন্ত্র্য নিশ্চিত হয়।

আলোচনার শুরুতে সভাপতি মহোদয় জানান যে, “আমি তো জানতাম, আপনাদের ইতিমধ্যেই একটি কমিটি রয়েছে; তাহলে আজ আবার নতুন করে কমিটি গঠন করার প্রয়োজন কেন?” প্রত্যুত্তরে উপস্থিত সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসারগণ জানান, শুধুমাত্র বিসিএস থেকে সরাসরি নিয়োগপ্রাপ্তদের একক একটি কমিটি রয়েছে; যা সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসারদের একটি অঙ্গ সংগঠনের মতো। এতে পদোন্নতিপ্রাপ্ত সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসারদের প্রতিনিধিত্ব না থাকায় এটি পূর্ণাঙ্গ কোনো সংগঠন নয়।

অন্যদিকে গত ০২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে কিছু সংখ্যক সহকর্মী (সহকারী থানা নির্বাচন অফিসার ও প্রশাসনিক/ব্যক্তিগত কর্মকর্তা) অধিকাংশের মতামতকে উপেক্ষা করে নিজেদের মতোকরে সচিবালয় ও মাঠপর্যায়ের ২য় শ্রেণির একটি কমিটি গঠন করে কেন্দ্রীয় কমিটি নামে প্রচার করছেন; যার কোন গ্রহণযোগ্যতা নেই। কেননা সেই কমিটিতে সরাসরি নিয়োগপ্রাপ্ত সহকারী উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তাদের কোনো প্রতিনিধিত্ব নেই। ৫২০টি সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসার পদের মধ্যে সরাসরি নিয়োগপ্রাপ্ত পদের সংখ্যা ৬০% অর্থাৎ ৩১০টি, কাজেই তাদেরকে পুরোপুরি উপেক্ষা করে গঠিত কোনো কমিটি ২য় শ্রেণির কেন্দ্রীয় কমিটি হতে পারে না। তাছাড়া পদোন্নতিপ্রাপ্তদের অধিকাংশরও কোনো সংশ্লিষ্টতা নেই, তবুও সেটাকে কেন্দ্রীয় কমিটি মর্মে প্রচার করা হচ্ছে। অন্যদিকে উক্ত কমিটিতে বর্ণিত সদস্যদের মধ্যে ২৯ জন সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসারের নাম রয়েছে; যাদের অধিকাংশই উক্ত কমিটি গঠনের বিষয়ে কিছুই জানেন না মর্মে তাদের নাম কমিটিতে ব্যবহার না করার জন্য জানিয়েছেন। অধিকন্তু কমিটিতে বর্ণিত ক্রমিক-১২, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২২, ২৩, ২৯, ৩৬, ৪০, ৪২, ৪৫, ৪৭, ৪৮, ৪৯ ও ৫১ মোট ১৮জন সদস্যই সরাসরি ও পদোন্নতিপ্রাপ্ত সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসারগণের সমন্বয়ে একটি পূর্ণাঙ্গ কমিটি গঠনের পক্ষে মতামত ও স্বাক্ষর প্রদান করেছেন। যার প্রেক্ষিতে আজকের এই সভার আয়োজন।

এরপর সভাপতি মহোদয় জানান, অনেক আগে থেকেই এ ধরনের একটি উদ্যোগ গ্রহণ এবং সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসারদের একটি পূর্ণাঙ্গ কমিটি গঠন করা উচিত ছিল। বিলম্ব হলেও এই বিষয়ে যারা উদ্যোগ গ্রহণ করেছেন তাদেরকে তিনি সাধুবাদ জানান এবং কিভাবে বা কোন প্রক্রিয়ায় কমিটি গঠন করা হবে জানতে চান। সভায় উপস্থিত সরাসরি নিয়োগপ্রাপ্তদের পক্ষ থেকে জনাব প্রিন্স মাহমুদ, জনাব দ্বীন মোহাম্মদ রাসেল এবং জনাব সোহাগ মিয়া পদোন্নতিপ্রাপ্ত সিনিয়রদের মধ্য থেকে একজনকে আহ্বায়ক এবং সরাসরি নিয়োগপ্রাপ্তদের মধ্য থেকে একজনকে সদস্য সচিব নির্ধারণপূর্বক একটি আহ্বায়ক কমিটি গঠনের জন্য প্রস্তাব প্রদান করেন।

সভায় পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তারা আহ্বায়ক কমিটি গঠনের প্রস্তাবকারীদের ধন্যবান জানিয়ে তাদের পক্ষ থেকে জনাব পার্থ প্রতীম দে এবং জনাব মোঃ শওকত হোসেন- আহ্বায়ক কমিটি গঠনের ক্ষেত্রে কিছু সম্ভাব্য উদ্ভুত সমস্যা ও ঝুঁকির দিক উপস্থাপন করেন। জনাব পার্থ প্রতীম দে জানান, আমার সাথে প্রায়ই সারাদেশের সরাসরি নিয়োগপ্রাপ্ত ও পদোন্নতিপ্রাপ্ত সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসারদের যোগাযোগ হয়। আজকে আপনার সভাপতিত্বে সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসারদের কমিটি গঠনের বিষয়ে সভা হবে জেনে, মাঠ পর্যায়ের সরাসরি নিয়োগপ্রাপ্তসহ অধিকাংশ সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসারগণ একটি পূর্ণাঙ্গ কমিটির বিষয়ে অভিব্যক্তি প্রকাশ করেছেন এবং তা বাস্তবায়ন করা যায় কিনা; সে বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপস্থিত সকলকে বিশেষভাবে অনুরোধ জানিয়েছেন। গত দুই বছর ধরে সরাসরি নিয়োগপ্রাপ্ত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের সমন্বয়ে পূর্ণাঙ্গ কমিটি গঠনের চেষ্টা চললেও তা বাস্তবায়িত হয়নি। বর্তমানে উভয় পক্ষ কমিটির প্রধান দুইজনের বিষয়ে সর্বসম্মতিতে পৌঁছেছে, যা একটি ইতিবাচক অগ্রগতি। এখন আহ্বায়ক কমিটি গঠিত হলে মূল কমিটি গঠনের প্রক্রিয়া আবার বিলম্বিত হবে এবং নতুন নতুন জটিলতা সৃষ্টি হতে পারে। তাই সারাদেশের সহকর্মীদের প্রত্যাশা ও সংগঠনের ঐক্য রক্ষার্থে এ মুহূর্তে পূর্ণাঙ্গ কমিটি গঠন করাই যুক্তিযুক্ত ও উত্তম সিদ্ধান্ত হবে মর্মে আমি বিশ্বাস করি।

আহ্বায়ক কমিটির প্রস্তাবকারীগণ ব্যতীত উপস্থিত অধিকাংশ সদস্য জনাব পার্থ প্রতীম দে এর প্রস্তাবে একমত পোষণ করেন। আহ্বায়ক কমিটির প্রস্তাবকারীগণ একমত পোষণ না করায় উভয় পক্ষের মধ্যে দীর্ঘ আলোচনা ও যুক্তি-তর্ক উপস্থাপনের পরও কোন সমাধানে আসতে না পারায় উভয় পক্ষের সকল সদস্যগণ- সভার সভাপতি জনাব মোহাম্মদ আশফাকুর রহমান, উপজেলা/থানা/সমমান ইলেকশন অফিসার্স এসোসিয়েশন এর আহ্বায়ক মহোদয়ের উপর যৌক্তিক সমাধানের জন্য আহ্বান জানান।

সভাপতি মহোদয় উভয় পক্ষের যুক্তি-তর্ক বিচার-বিশ্লেষণপূর্বক জানান, বিগত দুই বছরে উভয় পক্ষের একত্রিত হবার প্রায়াস, ফেব্রুয়ারিতে জাতীয় সংসদ নির্বাচন এবং বিচ্ছিন্নভাবে গ্রুপ ভিত্তিক বিদ্যমান দুটি অঙ্গসংগঠন ইত্যাদি বিবেচনায় আহ্বায়ক কমিটি গঠন সমীচীন হবেনা। এছাড়া আমাদেরও দ্রুতই মূল কমিটি গঠনের চিন্তা-ভাবনা রয়েছে। আপনাদের মূল কমিটি গঠন করা থাকলে আপনাদের কমিটির সাথে আমাদের কমিটি মিলে একটা ঐক্য পরিষদ গঠন সহজ হবে। তাই আহ্বায়ক কমিটি গঠন না করে পূর্ণাঙ্গ কমিটি গঠনই যুক্তিসঙ্গত ও সময়োপযোগী পদক্ষেপ হবে। বিধায়, পূর্ণাঙ্গ কমিটি গঠনের পক্ষেই আমি আমার মতামতসহ সিদ্ধান্ত প্রদান করছি।

সভাপতি মহোদয়ের মতামত ও সদয় সিদ্ধান্তের প্রেক্ষিতে উপস্থিত সকলেই সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসারগণের সমন্বয়ে **"সহকারী উপজেলা/থানা ইলেকশন অফিসার্স এসোসিয়েশন"** নামে ৫১ সদস্য বিশিষ্ট একটি পূর্ণাঙ্গ/মূল কমিটি গঠনে ঐক্যমত্য পোষণ করেন। অতঃপর, সভাপতি মহোদয় সর্বসম্মতিক্রমে **জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী উপজেলা নির্বাচন অফিসার, গাজীপুর সদর, গাজীপুর**-কে উক্ত কমিটির **সভাপতি** এবং **জনাব শরীফ আল রায়হান, সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর**-কে **মহাসচিব** ঘোষণা করেন। ঘোষিত সভাপতি ও মহাসচিব কমিটির অন্যান্য সদস্যদের অন্তর্ভূক্ত করে পূর্ণাঙ্গ কেন্দ্রীয় কমিটি গঠন পূর্বক সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন। সভায় উপস্থিত সকল কর্মকর্তা নবনির্বাচিত সভাপতি ও মহাসচিবকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানান।

সভাপতি মহোদয়ের নির্দেশনামতে নব-নির্বাচিত সভাপতি ও মহাসচিব ৫১ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কেন্দ্রীয় কমিটি ঘোষণা করেন (কপি সংযুক্ত)। এছাড়া সভায় উপজেলা/থানা নির্বাচন অফিসার ও সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসার পদের আপগ্রেডেশনের বিষয়ে আলোচনা এবং উপজেলা/থানা নির্বাচন অফিসার এবং সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসারদের সমন্বয়ে একটি "ঐক্য পরিষদ" গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Raihan ১৬/১০/২০২৫
(শরীফ আল রায়হান)
মহাসচিব
সহকারী উপজেলা/থানা ইলেকশন
অফিসার্স এসোসিয়েশন
নির্বাচন কমিশন সচিবালয়

১৬/১০/২৫
(মোঃ জাহাঙ্গীর আলম)
সভাপতি
সহকারী উপজেলা/থানা ইলেকশন
অফিসার্স এসোসিয়েশন
নির্বাচন কমিশন সচিবালয়

১৬/১০/২০২৫
(মোহাম্মদ আশফাকুর রহমান)
আহ্বায়ক
উপজেলা/থানা/সমমান ইলেকশন
অফিসার্স এসোসিয়েশন
নির্বাচন কমিশন সচিবালয়

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
০২। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা;
০৩। যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
০৪। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
০৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
০৬। উপসচিব/পরিচালক (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
০৭। আহ্বায়ক, বাংলাদেশ ইলেকশন কমিশন অফিসার্স এসোসিয়েশন;
০৮। সিনিয়র জেলা/জেলা নির্বাচন কর্মকর্তা (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা;
০৯। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য);
১০। মাননীয় নিবাচন কমিশনার মহোদয়গনের একান্ত সচিব, (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য);
১১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১২। আহ্বায়ক, উপজেলা/থানা ইলেকশন অফিসার্স এসোসিয়েশন।
১৩। উপজেলা/থানা নির্বাচন অফিসার/সহকারী সচিব/সহকারী পরিচালক (সকল);
১৪। উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা (সকল)
১৫। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৬। সহকারী উপজেলা/থানা নির্বাচন অফিসার/প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল)
১৭। অফিস কপি।

Raihan ১৬/১০/২০২৫
(শরীফ আল রায়হান)
মহাসচিব
সহকারী উপজেলা/থানা ইলেকশন
অফিসার্স এসোসিয়েশন
নির্বাচন কমিশন সচিবালয়